যুগান্তর

তারিখ : 18 DEC 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৫

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

# ভর্তি জালিয়াতির অভিযোগে গ্রেফতার ৬

**রংপুর ব্যুরো**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) স্নাতক শ্রেণীতে ভর্তি জালিয়াতির অভিযোগে ৬ ছাত্রকে গ্রেফতার করা হয়েছে। এরা লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে মৌখিক পরীক্ষা দিতে এসে আটক হয়। তাদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ৩ শিক্ষক, ২ ছাত্রলীগ নেতা এবং বহিরাগত এক নারী জড়িত বলে জানা গেছে। আটকরা জনপ্রতি ২ থেকে ৩ লাখ টাকার বিনিময়ে ভর্তির জন্য চুক্তিবদ্ধ হয়েছিল বলে জানায়। জালিয়াত চক্রের সঙ্গে মোবাইলে এসব পরীক্ষার্থীর কথোপকথনের অডিও যুগান্তরের হাতে রয়েছে। এছাড়া এ ভর্তি জালিয়াতির সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২ ছাত্রলীগ নেতাকেও আটক করে জিজ্ঞাসাবাদ করছে। বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ (এসআই) মহিব্বুল ইসলাম মুন জানান, ভর্তি হতে আসা ৬ ছাত্রকে ভর্তি কমিটির সদস্যরা আটক করে তাদের কাছে সোপর্দ করেছেন। গ্রেফতার ভর্তি পরীক্ষার্থীরা হচ্ছে রিফাদ সরকার, সামস বিন শাহরিয়ার, সাহাদ আহমেদ, রোকসানুজ্জামান, আহসান হাবিব ও শাহরিয়ার আল সানি। এরা ভর্তির জন্য জালিয়াতির মাধ্যমে বিভিন্ন ইউনিটে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়। রোববার সাক্ষাৎকার দিতে এসে আটক হয়। এদের সঙ্গে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রকেও পুলিশ আটক করেছে।

কার্যালয়
স্বাক্ষর